৩ মাস পর ভোলাগঞ্জে পাথর আমদানি শুরু

আব্দুল জলিল, কোম্পানীগঞ্জ প্রতিনিধি:
করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে প্রায় ৩ মাস ৫ দিন বন্ধ থাকার পর স্বাস্থ্য বিধি মেনে সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ শুল্ক স্টেশন দিয়ে পুনরায় ভারত থেকে চুনাপাথর আমদানি শুরু হয়েছে।

বৃহস্পতিবার (৫ আগস্ট) সকাল ১১টায় ভারতীয় ট্রাক চুনাপাথর নিয়ে বাংলাদেশে প্রবেশ করে।

ভোলাগঞ্জ শুল্ক স্টেশন দিয়ে পুনরায় ভারত থেকে চুনাপাথর আমদানি শুরু হওয়ার ফলে ব্যবসায়ীদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে। তারা জানান, ভোলাগঞ্জ শুল্ক স্টেশন থেকে প্রতি বছর সরকার প্রায় অর্ধশত কোটি টাকার রাজস্ব পেয়ে থাকে। এছাড়াও এখানে প্রতিদিন ২শত ব্যবসায়ীর পাশাপাশি প্রায় ২০-২৫ হাজার শ্রমজীবী মানুষের কর্মসংস্থান হয়।

এর আগে মহামারী করোনাভাইরাসের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় গত মে মাসের ১ তারিখ থেকে ভোলাগঞ্জ শুল্ক স্টেশন দিয়ে বাংলাদেশে পাথর রফতানি বন্ধ করে দেয় ভারত।

ভোলাগঞ্জ শুল্ক স্টেশনে গিয়ে দেখা যায় যথাযথ স্বাস্থ্য বিধি মেনে ভারতীয় চুনাপাথর বুঝাই ট্রাক বাংলাদেশ প্রবেশ করছে। বাংলাদেশর প্রবেশ মুখে পিপিই পড়ে একজন কর্মচারী গাড়িতে জীবাণুনাশক স্প্রে করছেন। ভারতীয় গাড়ির ড্রাইভাররা গাড়ি থেকে নামছেন না। শুল্ক স্টেশনে কর্মরতরা স্বাস্থ্য বিধি মেনে হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার করে তাদের দায়িত্ব পালন করছেন।

ভোলাগঞ্জ শুল্ক স্টেশনের রাজস্ব কর্মকর্তা আবদুর রউফ জানান, যথাযথ স্বাস্থ্য বিধি মেনে ভারতীয় চুনাপাথর বুঝাই ট্রাক বাংলাদেশে প্রবেশ করছে।